# জীবন বীমা কর্পোরেশন

প্রধান কার্যালয়, ঢাকা।

স্মারক নং-৫৩.১৯.৯০০১.০০২.২৭.০০০.১৯- ২৯৮১ তারিখঃ৩০/১২/২০১৯

## অফিস আদেশ

যেহেতু, জনাব খন্দকার এ. এইচ. এম. হাবিবুল্লাহ, ডেপুটি ম্যানেজার, জীবন বীমা কর্পোরেশন, সিলেট রিজিওনাল অফিস, সিলেট, সেলস অফিস-৩০, টাঙ্গাইল-এ কর্মরত থাকাকালীন তাঁর বিরুদ্ধে ঢাকা রিজিওনাল অফিসের ১২/০২/২০১৯ তারিখের ৫৩.১৯.৯০০২.০০২.০০,০০০.১৯.১৫৮ সংখ্যক প্রতিবেদনে এ মর্মে অভিযোগ পাওয়া যায় যে, জনাব খন্দকার এ. এইচ. এম. হাবিবুল্লাহ, ডেপুটি ম্যানেজার, সেলস অফিস-৩০, টাঙ্গাইল-এ কর্মরত থাকাকালীন অফিসে অনলাইনের মাধ্যমে আদায়কৃত প্রিমিয়াম (০১/০১/২০১৮ থেকে ২৮/১১/২০১৮ পর্যন্ত) সর্বমোট টাঃ৬,২৪,০৪৫/-(ছয় লক্ষ চব্বিশ হাজার পঁয়তাল্লিশ টাকা) Invalid করা হয়েছে বলে তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়। উপরোল্লিখিত বিষয়ে তদন্তকালীন উপস্থিত বীমাগ্রাহকগণ ও সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণের লিখিত বক্তব্য এবং Online-এ Premium Collection History পর্যালোচনা এবং যাচাই-বাছাই পূর্বক দেখা যায় যে, সেলস অফিস-৩০, টাঙ্গাইল-এ জনাব খন্দকার এ. এইচ. এম. হাবিবুল্লাহ, ডেপুটি ম্যানেজার ইনচার্জ হিসেবে কর্মরত থাকাকালীন ৩২ জন বীমা গ্রহীতা কর্তৃক জমাকৃত নবায়ন প্রিমিয়ামের টাকা জমার তারিখেই Invalid (বাতিল) করে আত্মসাৎ করেন। পরবর্তীতে ১৫ টি পলিসির নবায়ন প্রিমিয়াম বাবদ টাঃ ৪,০৯,৬২৫/-(চার লক্ষ নয় হাজার ছয়শত পঁচিশ টাকা), তাঁর বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হওয়ার পর এবং ক্ষেত্রভেদে অভিযোগ উত্থাপিত হওয়ার পূর্বে সংশ্লিষ্ট পলিসির অনুকূলে জমা করেন যা সাময়িক আত্মসাতের সামিল। তাছাড়া ১৭টি পলিসির প্রিমিয়াম বাবদ টাঃ ২,১৪,৪২০/-(দুই লক্ষ চৌদ্দ হাজার চারশত বিশ টাকা) সংশ্লিষ্ট পলিসির অনুকূলে জমা না করে আত্মসাৎ করেন, একারণে কিছু পলিসি Paid Up/Lapse/Surrender হয়ে যায়, যার পরিপ্রেক্ষিতে কর্পোরেশন এবং সম্মানিত বীমাগ্রহীতাগণ আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হয় এবং কর্পোরেশনের ভাবমূর্তি ক্ষুন্ন হয় যার দায়ভার জনাব খ: এ. এইচ. এম. হাবিবুল্লাহ, ডেপুটি ম্যানেজার এর উপর বর্তায় ;

যেহেতু, তাঁর এহেন কার্যকলাপ জীবন বীমা কর্পোরেশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ১৯৯২-এর ৩৭ নং প্রবিধানের (ক),(খ) ও (চ) উপ-প্রবিধান অনুযায়ী যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অর্থ আত্মসাৎ, তহবিল তসরুপ বা প্রতারণার পর্যায়ে পড়ে;

যেহেতু, উপর্যুক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে ০২/০৫/২০১৯ তারিখের ৫৩.১৯.৯০০২.০০২.২৭,০০০.১৯.৮৫৩ সংখ্যক অভিযোগনামাসহ কারণ দর্শানো নোটিশ ইস্যু করা হয়। কিন্তু যথাসময়ে তাঁর জবাব না পাওয়ায় ২২/০৫/২০১৯ তারিখে ৫৩.১৯.৯০০২.০০২.২৭.০০০.১৯.১০০৬ সংখ্যক অফিস আদেশের মাধ্যমে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় ;

যেহেতু, জনাব খন্দকার এ. এইচ. এম. হাবিবুল্লাহ, ডেপুটি ম্যানেজার-এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় জীবন বীমা কর্পোরেশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ১৯৯২-এর ৪১(৬) প্রবিধান অনুসরণে একই প্রবিধানমালার ৩৮ নং প্রবিধানের (১)(খ)(৫) উপ-প্রবিধান অনুযায়ী জনাব খন্দকার এ. এইচ. এম. হাবিবুল্লাহ, ডেপুটি ম্যানেজার-কে জীবন বীমা কর্পোরেশনের চাকরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে গত ০২/১২/২০১৯ তারিখের ৫৩.১৯.৯০০১.০০২.২৭.০০০.১৯.২৭১১ সংখ্যক স্মারক পত্রে তদন্ত প্রতিবেদনের কপিসহ ২য় ও শেষ কারণ দর্শানো নোটিশ জারি করা হয় ;

চলমান পাতা-২

যেহেতু, জনাব খন্দকার এ. এইচ. এম. হাবিবুল্লাহ, ডেপুটি ম্যানেজার ১০/১২/২০১৯ তারিখে উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। দাখিলকৃত জবাবে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের স্বীকারোক্তি এবং তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনেও অভিযোগসমূহ জীবন বীমা কর্পোরেশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ১৯৯২-এর ৩৭ নং প্রবিধানের (ক), (খ) ও (চ) উপ-প্রবিধান অনুযায়ী তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহে যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অর্থ আত্মসাৎ ও তহবিল তসরূপ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে, যা একই প্রবিধানমালার ৩৮ নং প্রবিধানের (১)(খ) উপ-প্রবিধান অনুযায়ী গুরুদন্ড আরোপযোগ্য ;

সেহেতু, এক্ষণে জনাব খন্দকার এ. এইচ. এম. হাবিবুল্লাহ, ডেপুটি ম্যানেজার, জীবন বীমা কর্পোরেশন, সিলেট রিজিওনাল অফিস, সিলেট-এর বিরুদ্ধে জীবন বীমা কর্পোরেশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ১৯৯২-এর ৩৭(ক), (খ) ও (চ) অনুযায়ী যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অর্থ আত্মসাৎ ও তহবিল তসরূপের আনীত অভিযোগ তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই প্রবিধানমালার ৩৮ নং প্রবিধানের (১)(খ)(৩) উপ-প্রবিধান মোতাবেক গুরুদন্ড হিসেবে জীবন বীমা কর্পোরেশনের চাকরি হতে বাধ্যতামূলক অবসর প্রদান করা হলো এবং ক্ষতির টাকা/আত্মসাতকৃত অনাদায়ী টাঃ ৫৬,২২৭/-(ছাপ্পান্ন হাজার দুইশত সাতাশ টাকা) কর্পোরেশনের হিসাব খাতে জমা করার নির্দেশ প্রদান করা হলো।

এ আদেশ পত্র জারির তারিখ হতে কার্যকর হবে।

(মোহাম্মদ মাহফুজুল হক)
ম্যানেজিং ডাইরেক্টর।

জনাব খন্দকার এ. এইচ. এম. হাবিবুল্লাহ
ডেপুটি ম্যানেজার (৫/৬১২, ৪০০৭৫০৩-১)
জীবন বীমা কর্পোরেশন
সিলেট রিজিওনাল অফিস
সিলেট।

**<u>অনুলিপি:</u> অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে:**

১। জেনারেল ম্যানেজার-প্রশাসন, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। জেনারেল ম্যানেজার-অর্থ ও হিসাব, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। জেনারেল ম্যানেজার-গ্রুপ, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। জেনারেল ম্যানেজার-আইসিটিডি, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। ডেপুটি জেনারেল ম্যানেজার (চ:দা:)-অডিট, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। ডেপুটি জেনারেল ম্যানেজার (চ:দা:),জীবীক,এসআরও, সিলেট।
৭। ডেপুটি জেনারেল ম্যানেজার (চ:দা:),জীবীক, কর্পোরেট সেবা দপ্তর, টাঙ্গাইল।
৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটিডি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯। ম্যানেজার-প্রশাসন, জীবীক, প্রধান কার্যালয়, ঢাকা।
১০। ইনচার্জ, সেলস অফিস-৩০, টাঙ্গাইল।